



## -ঃ নিয়োগ বিজ্ঞপ্তি :-

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদগুলির নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে ঃ-

### ১। ইংরেজি বিভাগ

সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক টাঃ- ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে ন্যূনতম স্নাতক/সমমান পাশ এবং কম্পিউটারে ন্যূনতম ১(এক) বৎসরের ডিপ্লোমাধারী হইতে হইবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
--	-----------	--

### ২। প্রধান প্রকৌশলীর দপ্তর

ক) হেঁসার টাঃ- ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে এস.এস.সি/সমমানের পরীক্ষা পাশসহ প্রয়োজনীয় ক্ষেত্রে ডিপ্লোমাধারী হইতে হইবে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
খ) টার্নার টাঃ- ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে এস.এস.সি/সমমানের পাশসহ সরকার অনুমোদিত কোন কারিগরি ইনস্টিটিউট হইতে ৬(ছয়) মাস মেয়াদী মেকানিক্যাল ট্রেডকোর্স পাশ হইতে হইবে।

আবেদনকারীদেরকে অবশ্যই আবেদনপত্রে তাহাদের শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করিতে হইবে। কোন তথ্য গোপন করিলে বা উল্লেখ না করিলে ভবিষ্যতে তাহাদের পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হইবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হইবে। ইচ্ছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হইবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসা পত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রারের বরাবর লিখিত দরখাস্ত আগামী ১৫-০৬-২০১৭ তারিখের মধ্যে ক্রমিক-১ এর আবেদনপত্র ইংরেজি বিভাগের চেয়ারম্যান-এর অফিসে ও ক্রমিক-২ এর আবেদনপত্র প্রধান প্রকৌশলী, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে পৌঁছাইতে হইবে।

চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করিতে হইবে।

জ্ঞানই জীবন